# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576


নং-৫৭.১৬.০০০০.০১৩.২৩.০০২.২৪-৭৫৫

তারিখ: ১৬ ভাদ্র, ১৪৩৩ / ৩১ আগস্ট, ২০২৬

## বিজ্ঞপ্তি

**বিষয়: দাখিল ও আলিম স্তরের 'সাধারণ শাখা'-এর নাম পরিবর্তনপূর্বক 'মানবিক শাখা' নামকরণ।**

সূত্র: গত ২৮/০৭/২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত একাডেমিক কমিটির সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীন দাখিল ও আলিম স্তরে প্রচলিত **'সাধারণ শাখা'**-এর পাঠ্যক্রম ও বিষয়বিন্যাস যথাক্রমে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের **'মানবিক শাখা'**-এর সাথে সামঞ্জস্যপূর্ণ । মাদ্রাসা শিক্ষা ও সাধারণ শিক্ষা ব্যবস্থার শিক্ষার্থীদের শিক্ষাগত পরিচিতি সুস্পষ্টকরণের লক্ষ্যে দাখিল ও আলিম স্তরের প্রচলিত **'সাধারণ শাখা'**-এর নাম পরিবর্তন করে **'মানবিক শাখা'** নামকরণ করা হলো। এ নাম পরিবর্তনের ফলে সংশ্লিষ্ট শাখার শিক্ষাক্রম, পাঠ্যসূচি, বিষয় কাঠামো, নম্বর, মূল্যায়ন পদ্ধতি, পরীক্ষা-সংক্রান্ত নিয়ম, শিক্ষাগত যোগ্যতা **পরিবর্তন হবে না**। কেবল সংশ্লিষ্ট শাখার নাম 'সাধারণ শাখা'-এর পরিবর্তে 'মানবিক শাখা' হিসেবে ব্যবহৃত হবে।

এমতাবস্থায়, সকল মাদ্রাসা, সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারী, শিক্ষার্থী এবং বোর্ডের সংশ্লিষ্ট শাখাসমূহকে ২০২৭ সাল থেকে দাখিল ও আলিম পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য প্রণীত প্রশ্নপত্রসহ সকল একাডেমিক, দাপ্তরিক ও প্রশাসনিক কার্যক্রমে **'সাধারণ শাখা'**-এর পরিবর্তে **'মানবিক শাখা'** ব্যবহার করার করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী ইতোমধ্যে **সাধারণ শাখা** হিসেবে রেজিস্ট্রেশন সম্পন্ন করেছেন সে সকল শিক্ষার্থীদের ক্ষেত্রে পূর্বের রেজিস্ট্রেশন অনুযায়ী **সাধারণ শাখা** নামটি অপরিবর্তিত থাকবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৩১/৮/২৬


প্রফেসর এস এম তৌহিদুজ্জামান
রেজিস্ট্রার
ফোন: ০২৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd


নং-৫৭.১৬.০০০০.০১৩.২৩.০০২.২৪-৭৫৫

তারিখ: ১৬ ভাদ্র, ১৪৩৩ / ৩১ আগস্ট, ২০২৬

**বিতরণ-জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
২. উপাচার্য, সকল বিশ্ববিদ্যালয়;
৩. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়;
৪. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;
৫. উপাচার্য, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৬. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৭. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর;
৮. চেয়ারম্যান জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি);

চলমান পাতা-২

৯. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল);
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১১. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল);
১২. পরীক্ষা নিয়ন্ত্রক, মাদ্রাসা পরিদর্শক, প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
১৩. সিনিয়র পরামর্শক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
১৪. উপ-রেজিস্ট্রার (কমন), কারিকুলাম বিশেষজ্ঞ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
১৫. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১৬. পিওটু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৭. পিএটু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য);
১৮. অফিস কপি।

২৬/০৮/২৫

মুহাম্মদ আনিসুর রহমান
কারিকুলাম বিশেষজ্ঞ
ফোন: ০২-৯৬১৫৫৭৬
ই-মেইল: curriculum@bmeb.gov.bd